



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৬৪

স্বরাষ্ট্রমন্ত্রী আগামী রবিবার রাজশাহী আসছেন

রাজশাহী; ১৩ মাঘ (২৭ জানুয়ারি):

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, এমপি আগামী রবিবার (২৯ জানুয়ারি) এক দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি সকাল দশটায় হেলিকপ্টার যোগে রাজশাহীর সারদা বাংলাদেশ পুলিশ একাডেমিতে পৌঁছবেন।

এদিন তিনি বাংলাদেশ পুলিশ একাডেমিতে ৩৮তম বিসিএস (পুলিশ) ক্যাডারের শিক্ষানবিস সহকারী পুলিশ সুপারগণের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। স্বরাষ্ট্রমন্ত্রী দুপুর আড়াইটায় মাদ্রাসা মাঠে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভায় যোগদান করবেন।

এদিন সাড়ে চারটায় স্বরাষ্ট্রমন্ত্রী হেলিকপ্টার যোগে ঢাকার উদ্দেশে রাজশাহী ত্যাগ করবেন।##

.....
তৌহিদ/সিকান্দার/রুলুল/২০২৩/২০.০০ঘ.